

## ইবিতে ছাত্রলীগ দু'গ্রুপে সংঘর্ষ: আহত ২০

প্রতিনিধি, ইবি

গতকাল বৃহস্পতিবার কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ হয়েছে। এতে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। আহতদের কুষ্টিয়া বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারসহ কুষ্টিয়া ও সিনিয়রদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক। এ ঘটনায় ৪ ছাত্রলীগ নেতাকর্মীকে বহিষ্কার করা হয়েছে। জানা যায়, দীর্ঘ ৭ বছর আগে গঠিত ছাত্রলীগের কনিষ্ঠ নেতাদের ছাত্রত্ব অনেক আগে শেষ হলেও এখনও তারা নেতৃত্ব দিয়ে আসছেন। এতে নেতৃত্ব প্রত্যাশী জুনিয়র দু'গ্রুপে পৃথক পৃথক ১১ ক: ৩

### দু'গ্রুপে : সংঘর্ষ

গ্রুপ গত বৃহবার বিতোভ মিছিল করে সিনিয়র গ্রুপের নেতাকর্মীদের ধাক্কা দিয়ে ক্যাম্পাস থেকে বিতাড়িত করে। পরে এক সংবাদ সম্মেলন করে জুনিয়র গ্রুপ তাদের ক্যাম্পাসে অবরুদ্ধিত ঘোষণা করে। এ ঘটনার জের ধরে উভয় গ্রুপের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছিল।

গতকাল বৃহস্পতিবার নেতৃত্ব প্রত্যাশী গ্রুপ আগেই এসে দলীয় টেন্ট দখলে নেয়। এদিকে সকাল সাড়ে ১০টার দিকে বহিরাগতদের নিয়ে সিনিয়র গ্রুপ ক্যাম্পাসে ঢুকে অনুঘটন ভবনে পৌঁছলে জুনিয়র গ্রুপ তাদের ওপর হামলা করলে উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ বেধে যায়। পরে সিনিয়র গ্রুপের হামলায় টিকতে না পেরে জুনিয়র গ্রুপের কর্মীরা দৌড়ে গিয়ে আবাসিক হলগুলোতে আশ্রয় নেয়। এতে ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ায় সাধারণ ছাত্রছাত্রীরা ভয়ে দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকে। এ ঘটনায় ছাত্রলীগ সভাপতি শাহানুর আলম, কেরামতসহ জাতিদ, মোস্তাক, উজ্জ্বল, মোস্তাফিজ, জাহাঙ্গীর আলম, মুকুট, খসক, সাইফুল, গাফোর ও পিকুলসহ কমপক্ষে ২০ জন আহত হয়েছে। এদের মধ্যে মোস্তাক, উজ্জ্বল ও বহিরাগত